

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২ ১২৪

আগরতলা, ২৪ অক্টোবর, ২০ ১৯

দীপাবলী উৎসব উপলক্ষে
মুখ্যমন্ত্রীর শুভেচ্ছা

দীপাবলী উৎসব উপলক্ষে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব রাজ্যবাসীকে আন্তরিক প্রীতি ও শুভেচ্ছা জানিয়েছেন। এক শুভেচ্ছাবার্তায় মুখ্যমন্ত্রী বলেন, ‘আলোর উৎসব দীপাবলী ধর্মীয় উৎসবের পাশাপাশি আমাদের চিরস্তন সংস্কৃতির প্রতীক। সারা দেশেই এই উৎসব উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে সাড়স্বরে পালিত হয়। দীপাবলীর আলোক শিখা সকল দুঃখ, যন্ত্রণাকে মুক্ত করে আলোকিত জীবনের উৎস হয়ে উঠুক এটাই আমাদের সকলের প্রার্থনা।

এ রাজ্যও ত্রিপুরাসুন্দরী মায়ের আশীর্বাদে আমরা সকল বাধা বিপত্তিকে অতিক্রম করে শ্রেষ্ঠ ও সমৃদ্ধশালী ত্রিপুরা গড়ে তুলতে সক্ষম হবো। এই আলোর উৎসবের পবিত্র আলোক শিখা আমাদেরকে আগামীদিনে লক্ষ্য পূরণের দিশা দেখাবে। মায়ের কাছে আমাদের প্রার্থনা এই উৎসব যেন আমাদের সকলের জীবনে সুখ, সমৃদ্ধি ও শান্তি নিয়ে আসে।

সকলের আন্তরিক সহযোগিতায় এই উৎসব সুশৃঙ্খল, আনন্দমুখর ও দৃষণমুক্ত পরিবেশে উদ্যাপিত হোক’।
